

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/ খু-৯৫/২০১৭/১৫৭০২

তারিখ: ১৭ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
৩১ মার্চ ২০২৬ খ্রিষ্টাব্দ


অফিস আদেশ

মেহেরপুর দারুল উলুম আহমদিয়া ফাজিল মাদরাসা, সদর, মেহেরপুর -এর ফাজিল (স্নাতক) পাস বিএ স্তরের অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষ মহোদয়ের ২৮.০৭.২০২৪ খ্রি. দাখিলকৃত আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত তৃতীয় সংবিধি-২০২৩ অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট পরিদর্শন টিমের দাখিলকৃত প্রতিবেদনের পরিশ্রুতিতে মাদরাসাটির ফাজিল (স্নাতক) পাস বিএ স্তর নিম্নবর্ণিত শর্তে ০১-০৭-২০২৪ থেকে ৩০-০৬-২০২৮ তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন প্রদান করা হলো:

শর্তসমূহ :

১. মাদরাসার সকল শ্রেণিতে শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি, উপস্থিতি ও ফলাফল অধিকতর সন্তোষজনক হতে হবে;
২. যুগোপযোগী মানব সম্পদ তৈরীর জন্য একটি সমৃদ্ধ লাইব্রেরি স্থাপন করত: পড়াশোনার অনুকূল পরিবেশ তৈরি করতে হবে;
৩. প্রতি ৬ (ছয়) মাস পরপর শিক্ষক প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে;
৪. সমন্বিত রুটিনে যেকোনো ক্লাসে যেকোনো টিচারকে শ্রেণি কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে ইতিবাচক মনোভাব রাখতে হবে;
৫. শিক্ষার মানোন্নয়ন এবং প্রতিষ্ঠানের উন্নয়ন কল্পে শিক্ষক, কর্মকর্তা এবং কর্মচারীবৃন্দের সাথে সুনির্দিষ্ট বিষয়ের উপর মাসিক আলোচনা সভা আয়োজন করে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে;
৬. শ্রেণিকক্ষে মূল কিতাবের ব্যবহার নিশ্চিত করতে হবে এবং শিক্ষার্থীদের মাতৃভাষার পাশাপাশি আরবি ও ইংরেজি ভাষায় দক্ষ করে তুলতে হবে;
৭. সকল আর্থিক লেনদেন ব্যাংকের মাধ্যমে করতে হবে;
৮. অর্থ ও প্রশাসন সংক্রান্ত সকল কার্যক্রম ফাইল নোট অনুমোদনের মাধ্যমে সম্পন্ন করতে হবে;
৯. অধ্যক্ষ এবং উপাধ্যক্ষের অফিস কক্ষসহ শিক্ষক মিলনায়তনকে মানসম্মতভাবে সুসজ্জিত করার পাশাপাশি শিক্ষিকাগণের আলাদাভাবে বসার ব্যবস্থা করতে হবে;
১০. প্রতি তিন মাস পরপর অভিভাবক সমাবেশ করতে হবে এবং শিক্ষার মানোন্নয়নের জন্য শিক্ষার্থীদের নিয়ে মোটিভেশনাল প্রোগ্রাম করতে হবে;
১১. মাদরাসার আঙিনায় ফুল গাছ লাগাতে হবে এবং শ্রেণিকক্ষ ও আঙিনা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে;
১২. মাদরাসার সাইনবোর্ড ও প্যাডে “ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত” কথাটি লিখতে হবে;
১৩. অধিভুক্তি নবায়নের তারিখ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে।

মাননীয় ভাইস চ্যান্সেলর-এর অনুমোদনক্রমে


31.03.2026
(আরিফ আহমদ)

সহকারী মাদরাসা পরিদর্শক
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অধ্যক্ষ


মেহেরপুর দারুল উলুম আহমদিয়া ফাজিল মাদরাসা
ডাকঘর: মেহেরপুর, উপজেলা: সদর, জেলা: মেহেরপুর।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/ খু-৯৫/২০১৭/১৫৭০২(৭)

তারিখ: ১৭ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
৩১ মার্চ ২০২৬ খ্রিষ্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

১. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (একাডেমিক কাউন্সিলের সভায় রিপোর্ট করার জন্য)।
৪. ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদর অবগতির জন্য)।
৫. আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৬. সভাপতি, মেহেরপুর দারুল উলুম আহমদিয়া ফাজিল মাদরাসা, ডাকঘর: মেহেরপুর, উপজেলা: সদর, জেলা: মেহেরপুর।
৭. অফিস নথি।


31.03.2026

(ছায়েদ আহাম্মদ মজুমদার)

সেকশন অফিসার

মোবাইল: ০১৮২০-২৯২৫৩২